

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
আড়াইহাজার, নারায়ণগঞ্জ

স্মারক নং- ০৫.৪১.৬৭০২.০০০.০৫.০০১.২৪- নং ৬

তারিখ : ১২/০২/২০২৪ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ তারিখ হতে ১৪ মার্চ ২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ব ঘোষিত সময়সূচি অনুযায়ী সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০টা এবং দুপুর ২:০০ টা হতে বিকাল ৫:০০ পর্যন্ত ২০২৪ সালের এসএসসি/দাখিল, এসএসসি(ভোকেশনাল), দাখিল(ভোকেশনাল) পরীক্ষা আড়াইহাজার উপজেলার ১.আড়াইহাজার পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ও রোকনউদ্দিন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ভেন্যুতে, ২.সেন্ট্রাল করোনেশন উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ও ৪৭নং দুষ্টারা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভেন্যুতে, ৩.সদাসদী বহুবৈ উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ও গোপালদী বালিকা উচ্চ বিদ্যালয় ভেন্যুতে, ৪.কবি নজরল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ও ১৪নং তেতোলা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভেন্যুতে ৫. শঙ্খপুরা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৬. পুরিন্দা কে.এম সাদেকুর রহমান উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ও ৩৭নং পুরিন্দা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভেন্যুতে এবং ৭.আড়াইহাজার ইমদাদুল উলুম আলিম মদ্দাসা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

এবং যেহেতু আমার কাছে প্রতীয়মান হয় যে, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উচ্চ পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট পরীক্ষার্থী এবং পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্যদের বর্ণিত পরীক্ষা কেন্দ্রে এ লক্ষ্যে অবাধ যাতায়াত রাহিত করা প্রয়োজন;

সেহেতু, আমি ইশতিয়াক আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, আড়াইহাজার, নারায়ণগঞ্জ, ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর প্রদত্ত ক্ষমতাবলে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রের ২০০ গজ ব্যাসার্ধের মধ্যে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ তারিখ হতে ১৪ মার্চ ২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত পরীক্ষা চলাকালীন সময়ে ফৌজদারি কার্যবিধির ১৪৪ ধারা জারী করলাম।

১৪৪ ধারা জারীকৃত সময়ে উল্লিখিত পরীক্ষা কেন্দ্র এলাকায়:

১. যেকোন ধরনের জটাল, মিটিং, মিছিল কিংবা সভা-সমাবেশ করা যাবে না;
২. যেকোন ধরনের অস্ত্র বহন ও সন্দেহজনক ঘোরাফেরা করা যাবে না;
৩. উচ্চ এলাকায় শান্তি-শৃঙ্খলার ব্যাঘাত সৃষ্টি এবং তাতে উৎসাহ প্রদান করে এমন কোন কাজ করা যাবে না;
৪. উচ্চরূপ উদ্দেশ্যে কোন মাইক বা হর্ন ব্যবহার করা যাবে না;

এ আদেশ পরীক্ষা গ্রহণের কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ ও আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীর ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

  
(ইশতিয়াক আহমেদ)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট  
আড়াইহাজার, নারায়ণগঞ্জ

স্মারক নং- ০৫.৪১.৬৭০২.০০০.০৫.০০১.২৪- নং ৬

তারিখ : ১২/০২/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ
২. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ

অনুলিপি কার্যার্থে :

১. সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
২. অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা, নারায়ণগঞ্জ
৩. কেন্দ্র সচিব.....এসএসসি/দাখিল পরীক্ষা কেন্দ্র, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। আদেশটি জরুরী ভিত্তিতে সর্বসাধারণের মধ্যে মাইকযোগে প্রচারের জন্য অনুরোধ করা হলো। সেই সাথে পরীক্ষা কেন্দ্রের প্রধান ফটকসহ বিভিন্ন স্থানে বিজ্ঞপ্তি ঝুলানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(ইশতিয়াক আহমেদ)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট  
আড়াইহাজার, নারায়ণগঞ্জ